



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং: পিএস/চেয়ার/ঢাবো/৪১৩৯(৭)

তারিখ: ২৮/০৭/২০২১

বিষয়: রুশদী উচ্চ বিদ্যালয়, শ্রীনগর, মুন্সিগঞ্জ এর এডহক কমিটি অনুমোদনে প্রধান শিক্ষকের জালিয়তি প্রসঙ্গে।

সূত্র: বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সাবেক সভাপতি এড. মোহাম্মদ আলীর ২৮/০৭/২০২১ তারিখের অভিযোগপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মুন্সিগঞ্জ জেলার শ্রীনগর উপজেলাস্থ রুশদী উচ্চ বিদ্যালয় এর এডহক কমিটির সভাপতি মনোনয়ন ও অনুমোদনের নিমিত্তে দাখিলকৃত অনলাইন আবেদনে জনাব মো: আওলাদ হোসেন কে স্নাতক পাশ দেখিয়ে তালিকায় তার নাম ০১ (এক) নম্বরে দেয়া হয়েছে। প্রকৃতপক্ষে তার শিক্ষাগত যোগ্যতা পঞ্চম শ্রেণী পাশ এবং তিনি একাধিক মামলার আসামী মর্মে সূত্রোল্লিখিত অভিযোগপত্রে প্রতিষ্ঠানটির ম্যানেজিং কমিটির সাবেক সভাপতি এড. মোহাম্মদ আলী বোর্ডকে অবহিত করেছেন।

সভাপতি মনোনয়নের জন্য দাখিলকৃত তালিকায় মিথ্যা শিক্ষাগত যোগ্যতা এবং মামলার তথ্য গোপন করে তার বিরুদ্ধে কোন মামলা-মোকদ্দমা নেই মর্মে অঙ্গিকারনামা দাখিল করে জাল-জালিয়াতির আশ্রয় নিয়ে বোর্ডে আবেদন করায় কেন তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবেনা, পত্র জারীর ০৭ (সাত) দিনের মধ্যে কারণ দর্শানোর জন্য তাঁকে নির্দেশ দেয়া হলো।

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঁইয়া
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রধান শিক্ষক
রুশদী উচ্চ বিদ্যালয়
শ্রীনগর, মুন্সিগঞ্জ।

স্মারক নং: পিএস/চেয়ার/ঢাবো/
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

তারিখ:

- ১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ২। জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সিগঞ্জ।
- ৪। সভাপতি, এডহক কমিটি, রুশদী উচ্চ বিদ্যালয়, শ্রীনগর, মুন্সিগঞ্জ
- ৫। পি এস টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়কে অবহিত করার জন্য), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।